

## আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রম

আর্থিক ব্যবস্থাপনা এমন একটা প্রক্রিয়া যার মাধ্যমে বিভিন্ন উপায়ে অর্থ সংগৃহীত হয় ও সংগৃহীত অর্থ অর্থনীতিতে বিশেষ প্রক্রিয়ায় ব্যবহৃত হয়। একটা উন্নত অন্তর্ভুক্তিমূলক আর্থিক ব্যবস্থা শুধুমাত্র সম্পদ আহরণ ও তার ব্যবহারের মধ্যেই সীমাবদ্ধ নয় বরং এটি ক্ষুদ্র ও মাঝারি শিল্পের প্রসারে প্রয়োজনীয় সম্পদ প্রবাহের ব্যবস্থা করে, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে, ঝুঁকি হ্রাসকরণের মাধ্যমে অর্থনৈতিক ও আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করে এবং দারিদ্র বিমোচনে সহায়তা করে। অগ্রণী ব্যাংক লিমিটেড সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে অর্থনীতিতে সম্পৃক্ত করে আর্থ- সামাজিক উন্নয়নে কার্যকর ও সক্রিয় ভূমিকা রাখার সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে ১০/৫০/১০০/- টাকার হিসাব (No Frill Accounts) খোলা, স্কুল ব্যাংকিং কার্যক্রম, পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের জীবনমান উন্নয়নে আর্থিক কার্যক্রমের মধ্যে আনয়ন, পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানসহ বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচী পালন করে আসছে।

## স্কুল ব্যাংকিং কার্যক্রম

স্কুল ব্যাংকিং কার্যক্রমের আওতায় অগ্রণী ব্যাংক লিমিটেড লীড ব্যাংক হিসেবে ঢাকা, নারায়নগঞ্জসহ বেশ কিছু জেলা শহরে স্কুল ব্যাংকিং কনফারেন্সের আয়োজন করেছে। বাংলাদেশ ব্যাংকের ৫০০.০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় স্কুল ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে আমানত বৃদ্ধির পাশাপাশি ছাত্র-ছাত্রীদের অর্থনৈতিক উন্নয়ন, মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে সুবিধাবঞ্চিত, অসচ্ছল শিক্ষার্থীদের জন্য অত্র ব্যাংক থেকে ঋণ প্রদানের পদক্ষেপ নেয়া হয়েছে। সেলক্ষ্যে অত্র ব্যাংকের সকল শাখায় অগ্রণী স্কুলব্যাংকিং ঋণ হিসাব সংশ্লিষ্ট ব্রশিয়ার বিতরণ করা হয়েছে।